

# গ্লোবাল ইনফ্রাস্ট্রাকচার অ্যান্ড ইনভেস্টমেন্ট (পিজিআইআই) এবং ভারত-মধ্যপ্রাচ্য-ইউরোপ অর্থনৈতিক করিডোর (আইএমইসি) এর জন্য অংশীদারিত্ব

০৭ই সেপ্টেম্বর, ২০২৩

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং মার্কিন প্রেসিডেন্ট শ্রী জো বাইডেন ৯ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে নয়াদিল্লিতে জি-২০ শীর্ষ সম্মেলনের ফাঁকে গ্লোবাল ইনফ্রাস্ট্রাকচার অ্যান্ড ইনভেস্টমেন্ট (পিজিআইআই) এবং ভারত-মধ্যপ্রাচ্য-ইউরোপ অর্থনৈতিক করিডোর (আইএমইসি) সম্পর্কিত একটি বিশেষ অনুষ্ঠানে সহ-সভাপতিত্ব করেন।

ভারত, মধ্যপ্রাচ্য এবং ইউরোপের মধ্যে অবকাঠামো উন্নয়ন এবং বিভিন্ন মাত্রায় সংযোগ জোরদার করার জন্য বৃহত্তর বিনিয়োগের দ্বারা উল্লোচন করার লক্ষ্যে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ইউরোপীয় ইউনিয়ন, ফ্রান্স, জার্মানি, ইতালি, মরিশাস, সংযুক্ত আরব আমিরাত ও সৌদি আরবের নেতৃবৃন্দ এবং বিশ্বব্যাপকের নেতৃবৃন্দ এতে অংশ নেন।

পিজিআইআই একটি উন্নয়নমূলক উদ্যোগ যা উন্নয়নশীল দেশগুলিতে অবকাঠামোগত ব্যবধান হ্রাস করার পাশাপাশি বিশ্বব্যাপী এসডিজির অগ্রগতি স্বরাশ্রিত করতে সহায়তা করে।

আইএমইসি একটি পূর্ব করিডোর নিয়ে গঠিত যা ভারতকে উপসাগরীয় অঞ্চলের সাথে সংযুক্ত করে এবং একটি উত্তর করিডোর উপসাগরীয় অঞ্চলকে ইউরোপের সাথে সংযুক্ত করে। এর মধ্যে একটি রেলওয়ে এবং জাহাজ-রেল ট্রানজিট নেটওয়ার্ক এবং সড়ক পরিবহন রুট অন্তর্ভুক্ত থাকবে।

প্রধানমন্ত্রী তাঁর বক্তব্যে ভৌত, ডিজিটাল এবং আর্থিক সংযোগের গুরুত্ব তুলে ধরেন। তিনি বলেন যে আইএমইসি ভারত ও ইউরোপের মধ্যে অর্থনৈতিক সংহতি বাড়াতে সহায়তা করবে।

ভারত, যুক্তরাষ্ট্র, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, ইউরোপীয় ইউনিয়ন, ইতালি, ফ্রান্স এবং জার্মানি আইএমইসি সম্পর্কিত একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে।

[Project-Gateway-Multilateral-MOU PDF](#)

নয়া দিল্লি

০৭ই সেপ্টেম্বর, ২০২৩